আলমডাঙ্গার বাঁশবাড়ীয়ায় হিন্দু যুবকের ইসলাম ধর্ম গ্রহণ

আলমডাঙ্গার ভাংবাড়ীয়া ইউনিয়নের বাঁশবাড়ীয়া গ্রামে সিঙ্গাপুরপ্রবাসী এক হিন্দু যুবকের ইসলাম ধর্ম গ্রহণের ঘটনা এলাকায় ব্যাপক আলোচনার সৃষ্টি করেছে।

জানা গেছে, বাঁশবাড়ীয়া গ্রামের বাসিন্দা শ্রী আনন্দ কুমার পাত্রের ছেলে শ্রী চন্দন কুমার ইসলাম ধর্ম গ্রহণের পর নিজের নাম পরিবর্তন করে “আব্দুল্লাহ আল আনাস” রাখেন। গতকাল শুক্রবার জুমার নামাজের সময় নিজ গ্রামের স্থানীয় মসজিদে আনুষ্ঠানিকভাবে ইসলাম ধর্ম গ্রহণ করেন তিনি।

মসজিদের খতিব মুফতি গোলাম মুক্তাদিরের হাতে হাত রেখে তিনি পবিত্র কালেমা শাহাদাত পাঠ করেন। এ সময় উপস্থিত মুসল্লিদের মধ্যে আবেগঘন পরিবেশের সৃষ্টি হয়। মুসল্লিরা তাকে আন্তরিক অভিনন্দন জানান এবং নতুন জীবনের জন্য দোয়া করেন।

এ সময় উপস্থিত ছিলেন ভাংবাড়ীয়া ইউনিয়নের সমাজসেবক আমিরুল ইসলাম কাতব ডাক্তারসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তি ও ধর্মপ্রাণ মুসল্লিরা। তারা নবমুসলিম আব্দুল্লাহ আল আনাসের পাশে থাকার আশ্বাস দেন।

স্থানীয় সূত্রে জানা গেছে, আব্দুল্লাহ আল আনাস প্রায় পাঁচ বছর ধরে সিঙ্গাপুরে একটি বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত ছিলেন। প্রবাস জীবনে ইসলাম ধর্মের বিভিন্ন দিক, মানবতা, ভ্রাতৃত্ববোধ ও শান্তির বাণীতে অনুপ্রাণিত হয়ে তিনি ইসলাম সম্পর্কে গভীরভাবে জানার চেষ্টা করেন।

কোরআনের অনুবাদ, ইসলামী আলোচনা ও আলেমদের বক্তব্য শোনার মাধ্যমে দীর্ঘদিন যাচাই-বাছাই শেষে তিনি ইসলাম ধর্ম গ্রহণের সিদ্ধান্ত নেন।

নবমুসলিম আব্দুল্লাহ আল আনাস বলেন, “ইসলামের শিক্ষা ও মানবিক মূল্যবোধ আমাকে গভীরভাবে অনুপ্রাণিত করেছে। দীর্ঘদিন ইসলাম সম্পর্কে জানার চেষ্টা করেছি। সবকিছু বুঝে ও যাচাই করে স্বেচ্ছায় ইসলাম গ্রহণ করেছি।”

তিনি আরও জানান, ইসলাম ধর্ম গ্রহণের পর চুয়াডাঙ্গা আদালতে এফিডেভিটের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে নিজের নাম পরিবর্তন করেছেন।